

ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬ : ৩২

আরবি মূল আয়াত:

وَإِنْ كُلُّ لَمَّمًا جَمِيعٌ لَّدَيْنَا مُحْضَرُونَ ﴿٣٢﴾

অনুবাদসমূহ:

আর তাদের সকলকে একত্রে আমার কাছে হাযির করা হবে। — আল-বায়ান

তাদের সব্বাইকে একত্রে আমার কাছে হাজির করা হবে। — তাইসিরুল

এবং অবশ্যই তাদের সকলকে একত্রে আমার নিকট উপস্থিত করা হবে। — মুজিবুর রহমান

And indeed, all of them will yet be brought present before Us. — Sahih International

৩২. আর নিশ্চয় তাদের সব্বাইকে একত্রে আমাদের কাছে উপস্থিত করা হবে।(১)

(১) অর্থাৎ কিয়ামতের দিন। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(৩২) এবং অবশ্যই ওদের সকলকে একত্রে আমার নিকট উপস্থিত করা হবে। [1]

[1] এখানে ن! হল নাফিয়াহ (নেতিবাচক) এবং لَمَّمًا শব্দটি لَمَّمًا এর অর্থে ব্যবহার হয়েছে। আসল অনুবাদ হবেঃ এমন কেউ নেই, যে আমার নিকট উপস্থিত হবে না। উদ্দেশ্য হল যে, অতীতে যারা অতিবাহিত হয়ে গেছে ও ভবিষ্যতে যারা আসবে সকল মানুষ আল্লাহর দরবারে উপস্থিত হবে। যেখানে তাদের হিসাব নিকাশ হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3737>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন